



ঢাকায় এনসিপিতে যোগ দিলেন তিন শতাধিক নেতাকর্মী



সংগৃহীত ছবি

বিভিন্ন রাজনৈতিক দল ও সামাজিক সংগঠন থেকে তিন শতাধিক নেতাকর্মী জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দিয়েছেন। শুক্রবার (৮ মে) দুপুরে রাজধানীর বাংলামোটরে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে তাদের যোগদান অনুষ্ঠিত হয়।

নতুন যোগ দেওয়া নেতাকর্মীদের ফুল দিয়ে স্বাগত জানান এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও মহানগর উত্তর শাখার আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব। অনুষ্ঠানে যুগ্ম সদস্য সচিব শাহরীন ইরা, যুগ্ম মুখ্য সমন্বয়ক রাফিদ এম ভুইয়া এবং কেন্দ্রীয় সংগঠক আব্দুল্লাহ আল মনসুরসহ কেন্দ্রীয় নেতারা উপস্থিত ছিলেন।

রাফিদ এম ভুইয়া জানান, নবাগতরা মূলত ঢাকা মহানগর উত্তর শাখার কার্যক্রমের সঙ্গে যুক্ত হয়েছেন। তিনি বলেন, উত্তর প্রায় একশ পোশাকশ্রমিকও শিগগিরই এনসিপিতে যোগ দিতে পারেন। তারা দলের শ্রমিক সংগঠন 'জাতীয় শ্রমিক শক্তি'র অধীনে কাজ করবেন।

LENS ASIA